

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় সমবায় কার্যালয়  
ময়মনসিংহ  
coop.mymensinghdiv.gov.bd

নং- ৫৭৭

তারিখ: ২৭/০৩/২০২২ খ্রি:।

এ কার্যালয়ের আদেশ নং- ৫০১(১০) আংশিক সংশোধন করতঃ সমবায় অধিদপ্তরের আদেশ নং- ২২, তারিখ: ০৪/০২/২০১৫ খ্রি: এর পরিপ্রেক্ষিতে সমবায় সমিতিসমূহের বার্ষিক বিধিবদ্ধ নিরীক্ষা কার্যক্রম অর্থবহ করার লক্ষ্যে এ কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের সমন্বয়ে বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ এর অডিট সেল নিম্নরূপভাবে পূর্ণগঠন করা হলো:

অডিট সেল কমিটি নিম্নরূপ:

ক্রমিক নং	নাম ও পদবী	কমিটিতে পদবী
১.	উপনিবন্ধক (সমিতি, অডিট, আইন ও বিচার)	আহবায়ক
২.	সহকারী নিবন্ধক (সমিতি ও অডিট)	সদস্য
৩.	জেলা অডিটর	সদস্য
৪.	জনাব ঈদ মো: ইউনুছ, পরিদর্শক	সদস্য
৫.	জনাব মো: কামরুল ইসলাম, পরিদর্শক	সদস্য সচিব

কার্যপরিধি:

১. বিভাগব্যাপী কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির অডিট নোট পর্যালোচনা।
২. অডিট নোট পর্যালোচনার ভিত্তিতে সমবায় সমিতি এবং অডিট অফিসারের ত্রুটি-বিচ্যুতি/অনিয়ম উদ্ঘাটন।
৩. উদ্ঘাটিত ত্রুটি-বিচ্যুতি/অনিয়মের বিষয়ে সমিতির কর্তৃপক্ষ বা অডিট কর্মকর্তার সাথে পত্র যোগাযোগ।
৪. প্রয়োজনীয় ক্ষেত্রে গুরুতর ত্রুটি-বিচ্যুতি/অনিয়ম বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করা।
৫. কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের বিষয়টি নিয়মিত ফলোআপ করা।
৬. অডিট সম্পর্কিত সমগ্র বিষয়টির উপর দ্বি-মাসিক ভিত্তিতে সমবায় অধিদপ্তরের অডিট সেলের নিকট প্রতিবেদন উপস্থাপন।
৭. কর্তৃপক্ষের নির্দেশনার প্রেক্ষিতে নির্দিষ্ট কোন সমবায় সমিতির টেস্ট অডিট সম্পাদন।
৮. অডিট কার্যক্রম সম্পাদনে এবং অডিট নোট পর্যালোচনা শৈথিল্য এবং অনিয়ম করেছেন এমন কর্মকর্তা চিহ্নিত করে তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা।
৯. বিভাগব্যাপী কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির অডিট কার্যক্রম তদারকি।
১০. মাঠ পর্যায়ে অডিট কার্যক্রম সরেজমিনে পর্যবেক্ষণ ও যাচাই।
১১. প্রতি বৎসর অডিট কার্যক্রম সুস্বভাবে সম্পাদনের জন্য সুনির্দিষ্ট প্রস্তাবনা অডিট বরাদ্দ প্রদানকারী কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা।
১২. প্রতি বৎসর বিভাগের সার্বিক অডিট সম্পাদনের উপর বার্ষিক প্রতিবেদন পেশ।

স্বাক্ষরিত/-

মো: মশিউর রহমান  
যুগ্মনিবন্ধক

ফোন: ০২৯৯৬৬-৬৮১৯৬  
jrmymensingh16@gmail.com

স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০০.৩২.১০৪.১৬.৫৭৭(৬)

তারিখ: ২৭/০৩/২০২২ খ্রি:।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি:

১. নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: উপনিবন্ধক (অডিট-১)।
২. সহকারী নিবন্ধক (সমিতি ও অডিট), বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ।
৩. জেলা সমবায় অফিসার, জামালপুর/ময়মনসিংহ/নেত্রকোণা/শেরপুর।
৪. উপজেলা সমবায় অফিসার, ..... (সকল), জামালপুর/ময়মনসিংহ/নেত্রকোণা/শেরপুর।
৫. জেলা অডিটর, বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ।
৬. জনাব ঈদ মো: ইউনুছ, পরিদর্শক, বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ।
৭. জনাব মো: কামরুল ইসলাম, পরিদর্শক, বিভাগীয় সমবায় কার্যালয়, ময়মনসিংহ।

মোহাম্মদ সফিকুল ইসলাম  
উপনিবন্ধক (সমিতি, অডিট, আইন ও বিচার)  
বিভাগীয় সমবায় কার্যালয়  
ময়মনসিংহ।